# ২০২২
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(বাংলা প্রবন্ধের রূপভেদ, জীবনী ও প্রবন্ধ পাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ব্যক্তিনিষ্ঠ ও বস্তুনিষ্ঠ প্রবন্ধের দুটি পার্থক্য লেখো।

খ) ডায়েরি কাকে বলে? একটি সার্থক ডায়েরিধর্মী রচনার নাম লেখো।

গ) রম্যরচনার সংজ্ঞা ও দুটি সার্থক রম্যরচনার নাম লেখো।

ঘ) দুটি সার্থক পত্রসাহিত্যের নাম লেখো।

ঙ) উদাহরণসহ ভ্রমণসাহিত্যের সংজ্ঞা লেখো।

চ) 'একা' প্রবন্ধটি কোন্ গ্রন্থের অন্তর্গত? এটি কবে কোথায় প্রকাশিত হয়?

ছ) সার্থক জীবনী সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

জ) রাসসুন্দরী দেবীর স্কুল শিক্ষা কীভাবে শুরু হয় লেখো।

(পরের পাতায়)

ঝ) 'আমার জীবন' গ্রন্থখানি প্রথম কবে প্রকাশিত হয়? দ্বিতীয় সংস্করণ কে কবে প্রকাশ করেন?

ঞ) 'উনি একটি সোহাগের আরসী' - কে কাকে কথাটি বলেছে? কথাটির অর্থ কী?

ট) 'মনুষ্যফল' প্রবন্ধে লেখক মানুষকে কিসের সঙ্গে তুলনা করেছেন?

ঠ) 'একদা সেইরূপ আশ্চর্য একটি স্বপ্ন আমিও দেখিয়াছিলাম' - কে কী স্বপ্ন দেখেছিলেন?

ড) "থাম! থাম মার্জারপণ্ডিত! তোমার কথাগুলি ভারি সোসিয়ালিস্টিক! সমাজবিশৃঙ্খলার মূল!"— কেন এই কথাগুলি বলা হয়েছিল?

ঢ) "মনরে আমার, আমি তোমার
তোমায় আপন জানি'— কোন্ গ্রন্থের অন্তর্গত? কোন্ 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে প্রসঙ্গে কে এই মন্তব্য করেছেন?

ণ) 'কমলাকান্তের দপ্তর' কার, কোন্ গ্রন্থের অনুসরণে লেখা?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) একটি সার্থক ভ্রমণসাহিত্যের অবলম্বনে ভ্রমণসাহিত্যের স্বরূপ-বৈশিষ্ট্য আলোচনা করো।

খ) ডায়েরির সংজ্ঞাসহ একটি সার্থক বাংলা ডায়েরির আলোচনা করো।

গ) 'আমার জীবন' গ্রন্থের সমাজবাস্তবতার চিত্র নিরূপণ করো।



ঘ) 'দেখতে এসে ভবের খেলা, দেখি সব মেলা খেলা /
মনোহারী দোকান খোলা' — কোন্ প্রসঙ্গে কেন একথা বলেছেন আলোচনা করো।

ঙ) 'আমার দুর্গোৎসব' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের স্বদেশভাবনার স্বরূপ বুঝিয়ে দাও।

চ) 'মনুষ্যসকল ফলবিশেষ — মায়াবৃন্তে সংসারবৃক্ষে ঝুলিয়া রহিয়াছে' — কমলাকান্ত কীভাবে মনুষ্যকে ফলের সঙ্গে তুলনা করেছেন - আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্রবন্ধের সংজ্ঞাসহ শ্রেণীবৈশিষ্ট্য আলোচনা করো।

খ) পত্রসাহিত্য ও ডায়েরির পার্থক্য নির্দেশ করো।

গ) আত্মজীবনীমূলক গ্রন্থরূপে 'আমার জীবন' কতখানি সার্থক আলোচনা করো।

ঘ) 'আমার মন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের দার্শনিক উপলব্ধির স্বরূপ বিশ্লেষণ করো।